# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২৬৫

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৭. রাসূলুল্লাহ (ﷺ) এর উযুর বর্ণনা

## بَابُ وُضُوءِ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

ثَنَا ابْنُ صَاعِدٍ ، نَا مُحَمَّدُ بْنُ يَعْقُوبَ بْنِ عَبْدِ الْوَهَّابِ بْنِ يَحْيَى بْنِ عَبَّادِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ بِالْمَدِينَةِ ، حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ فُلَيْحِ بْنِ سُلَيْمَانَ ، عَنْ عَمْرِو بْنِ يَحْيَى بْنِ عُمَارَةَ بْنِ أَبِي حَسَنٍ الْمَازِنِيِّ ، عَنْ أَبِيهِ أَنَّ عَمْرَو بْنَ أَبِي حَسَنٍ الْمَازِنِيَّ أَتَى إِلَى عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ وَهُوَ ابْنُ عَاصِمٍ الْمَازِنِيُّ صَاحِبُ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فَقَالَ : هَلْ تَسْتَطِيعُ أَنْ تُرِيَنِي كَيْفَ كَانَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يَتَوَضَّأُ ؟ قَالَ : نَعَمْ ، فَدَعَا لَهُ بِتَوْرِ مَاءٍ ، فَأَكْفَأَ التَّوْرَ عَلَى يَدِهِ الْيُمْنَى ، فَغَسَلَ يَدَهُ الْيُمْنَى ثَلَاثَ مَرَّاتٍ : يُكْفِئُ التَّوْرَ عَلَى يَدَيْهِ ، ثُمَّ يَغْسِلُ يَدَيْهِ ثَلَاثَ مَرَّاتٍ ، ثُمَّ أَدْخَلَ يَدَيْهِ فِي التَّوْرِ فَغَرَفَ غُرْفَةً مِنْ مَاءٍ ، فَمَضْمَضَ وَاسْتَنْشَقَ ، ثُمَّ اسْتَنْثَرَ ثَلَاثَ غُرُفَاتٍ ، ثُمَّ غَسَلَ وَجْهَهُ ثَلَاثَ مَرَّاتٍ ، ثُمَّ غَسَلَ كُلَّ يَدٍ مَرَّتَيْنِ إِلَى الْمِرْفَقِ ، ثُمَّ أَخَذَ مِنَ الْمَاءِ فَمَسَحَ بِرَأْسِهِ ؛ أَقْبَلَ بِهِمَا وَأَدْبَرَ ، ثُمَّ غَسَلَ رِجْلَيْهِ إِلَى الْكَعْبَيْنِ

বাংলা

২৬৫(১৩). ইবনে সায়েদ (রহঃ) ... আমর ইবনে আবু হাসান আল-মাযিনী (রহঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী আবদুল্লাহ ইবনে যায়েদ ইবনে আসেম আল-মাযিনী (রাঃ) এর নিকট এসে বলেন, আপনি কি আমাকে দেখাতে পারেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিভাবে উযু করতেন? তিনি বলেন, হ্যাঁ। অতএব তিনি তাঁর জন্য একপাত্র পানি আনতে বলেন, তিনি (পানির) পাত্র কাত করে তার ডান হাতে পানি ঢেলে তা তিনবার ধৌত করেন। এরপর তিনি পাত্র কাত করে তার উভয় হাতে পানি ঢেলে তা তিনবার করে ধৌত করেন। তারপর তিনি তার উভয় হাত পানির পাত্রে প্রবেশ করিয়ে এক আঁজলা পানি নিয়ে কুলি করেন এবং নাক পরিষ্কার করেন। তারপর তিন আঁজলা (তিনবার) পানি নিয়ে নাকে দিয়ে ঝেড়ে ফেলেন। তারপর মুখমণ্ডল তিনবার ধৌত করেন, তারপর উভয় হাত কনুই পর্যন্ত দুইবার করে ধৌত করেন। তারপর পানি নিয়ে নিজ মাথা

মসেহ করেন। তাঁর হাত দু’খানা দ্বারা মাথার সামনের দিক থেকে পিছন দিকে এবং পিছন দিক থেকে সমনের দিকে মসেহ করেন। তারপর দুই পা গোছা পর্যন্ত ধৌত করেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আমর ইবনু আবূ হাসান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80054

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন